



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৪-১৩০৮

তারিখ: ১৮ কার্তিক, ১৪৩২
০৩ নভেম্বর, ২০২৫

বিজ্ঞপ্তি

বিষয়: দাখিল স্তরে ৯ম শ্রেণিতে ব্যবসায় শিক্ষা শাখা খোলা সংক্রান্ত

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং ৫৭.০০.০০০০.০০০.০৫৬.৭৩.০০০১.২৫.৮০; তারিখ: ২১ আগস্ট ২০২৫ খ্রি.
(২) বেসরকারি মাদ্রাসা (দাখিল ও আলিম) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২৫ এর পরিশিষ্ট-৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মাদ্রাসা শিক্ষা যুগোপযোগী করণ, সম্প্রসারণ ও আধুনিকীকরণের লক্ষ্যে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত মাদ্রাসাসমূহে দাখিল ৯ম শ্রেণিতে ব্যবসায় শিক্ষা শাখা চালু করা হবে। সে লক্ষ্যে মাদ্রাসা সমূহ হতে নিম্নবর্ণিত শর্তে ব্যবসায় শিক্ষা শাখা খোলার জন্য অনলাইনে আবেদন আহবান করা হলো।

২. ২০২৬ সালে দাখিল ৯ম শ্রেণিতে ব্যবসায় শিক্ষা শাখা চালু করতে যেসব মাদ্রাসা কর্তৃপক্ষ ইচ্ছুক; তাদের আগামী ১৩.১১.২০২৫ খ্রি. তারিখের মধ্যে সরাসরি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অনুকূলে ৩০০০ (তিন হাজার) টাকার ব্যাংক ড্রাফট জমা দিয়ে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, ইতঃপূর্বে নং-৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৪-১১৭৬; তারিখ: ১৫ অক্টোবর, ২০২৫ ও নং-৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৪-১১৮৭; তারিখ: ২০ অক্টোবর, ২০২৫; স্মারকে জারিকৃত বিজ্ঞপ্তি দুইটি এতদ্বারা বাতিল করা হলো।

শর্তাবলি:

- আবেদনকারী মাদ্রাসায় ৮ম শ্রেণিতে ২০২৫ সালে কমপক্ষে ১০০ (একশত) জন শিক্ষার্থী থাকতে হবে;
- এনটিআরসিএ (NTRCA) কর্তৃক শিক্ষক নিয়োগ না হওয়া পর্যন্ত মাদ্রাসার নিজস্ব ব্যবস্থাপনায় ব্যবসায় শিক্ষা শাখার পাঠদান কার্যক্রম চালু রাখার সক্ষমতা থাকতে হবে;
- সূত্রোক্ত ২ নং স্মারকের পরিশিষ্ট-২ মূলে ব্যবসায় শিক্ষা শাখার জন্য সংশ্লিষ্ট মাদ্রাসায় অতিরিক্ত দুইটি কক্ষের ব্যবস্থা থাকতে হবে;

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৮.১১.২৫

প্রফেসর ছালেহ আহমাদ

রেজিস্ট্রার

ফোন: ০২-৯৬১২৮৫৮

ইমেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট (সকল)

নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৪-১৩০৮(৮)

তারিখ: ১৮ কার্তিক, ১৪৩২
০৩ নভেম্বর, ২০২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
- চেয়ারম্যান, এনটিআরসিএ (NTRCA);
- উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব (মহোদয়ের সদয় অবগতির জন্য), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- অতিরিক্ত সচিব (মাদ্রাসা অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- যুগ্মসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) (সকল);
- সচিব মহোদয়ের একান্ত সচিব, (মহোদয়ের সদয় অবগতির জন্য), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
- অফিস কপি।

১৮.১১.২৫

মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ০২-৯৬৭৪৮৭৪

ইমেইল: dradmin@bmeb.gov.bd